Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The New Nation

# MUFG Bank MD meets DU VC

**City Desk**

Kenji Kimura, managing director (MD) of Japan's MUFG Bank Ltd., met Dhaka University (DU) Vice-Chancellor (VC) Professor Dr Niaz Ahmed Khan at latter's office to discuss expanding financial assistance for underprivileged students and strengthening academic cooperation. During the meeting, they discussed providing financial assistance to underprivileged students of Dhaka University and explored opportunities for broader cooperation.

The VC sought enhanced support from the MUFG Bank MD for increasing the number of scholarships available to DU students.

The Mitsubishi UFJ Financial Group (MUFG) of Japan awards scholarships to 24 students of Dhaka University every year, with each student receiving 450 US dollars annually.



দৈনিক সংগ্রাম



# ঢাবি'র হল পরিদর্শনে বুয়েটের বিশেষজ্ঞ টিম

■ স্টাফ রিপোর্টার

ভূমিকম্প পরবর্তী বিভিন্ন আবাসিক হলের কারিগরি নিরীক্ষণ ও মূল্যায়নের জন্য বুয়েটের বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত সাব-কমিটি বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরও ৪টি হল পরিদর্শন করেছে। হলগুলো হলো - বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল, সলিমুল্লাহ মুসলিম হল, রোকেয়া হল এবং স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল। পরিদর্শনকালে বুয়েট পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. ইশতিয়াক আহমেদ, বুয়েট পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. রাকিব আহসান, সংশ্লিষ্ট হলের প্রাধ্যক্ষ, বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী, ডাকসু'র কমনরুম, রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক উম্মে সালমা, ডাকসু'র ক্যারিয়ার ডেভেলপমেন্ট সম্পাদক মাজহারুল ইসলাম এবং হল সংসদের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

**বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের পরিদর্শন রিপোর্ট:** বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের অভ্যন্তরে অবস্থিত ৩ (তিন) তলা বিশিষ্ট শিকদার মনোয়ারাচ ভবনটি পরিদর্শনকালে দেখা যায়, ভূমিকম্পের পরে ভবনটির মূল কাঠামো অটুট রয়েছে এবং এতে কোন ফাটল সৃষ্টি হয়নি।

উল্লেখ্য, ভবনটি নির্মাণের পর ভবনের বাইরে ঈধহঃরষবাবৎ অংশে ঈৎধপশ দেখা দেওয়ায় ঝুঁকিপূর্ণ অংশটি পরবর্তীতে ভেঙ্গে ফেলা হয়। বুয়েটের বিশেষজ্ঞ সদস্যরা একাধিকবার ভবনটি সরেজমিনে পরিদর্শন করেছেন। এছাড়া, বসবাসের উপযোগিতা যাচাইয়ের জন্য পি.ডব্লিউ.ডি (ডিজাইন সার্কেল-১)-এর টিম ২০২৩ সালের ১৯ ডিসেম্বর ভবনটি সরেজমিনে পরিদর্শন করে। ভবনটির কাঠামোগত নকশা ও প্রাপ্ত তথ্যাদি মূল্যায়ন এবং বিদ্যমান অবস্থা পরিদর্শন করে ৩(তিন) তলা বিশিষ্ট ভবনটি বর্তমান অবস্থায় নিরাপদ বসবাস উপযোগী বলে টিমের সদস্যরা মতামত দেন।

সে সময় পি.ডব্লিউ.ডি (ডিজাইন সার্কেল-১)-এর মতামতের প্রেক্ষিতে ছাদের মেরামত কাজসহ ভবনের অভ্যন্তরীণ বিভিন্ন মেরামত কাজ করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্ল্যানের PhaseA 1এ বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের অভ্যন্তরে প্রভোস্ট বাংলো, হাউজ টিউটর কোয়ার্টার ও ৩-তলা সিকদার মনোয়ারা ভবন ভেঙ্গে ৫০০ ছাত্রীর জন্য বহুতল ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে।

**বিভিন্ন হলের সংস্কার কাজের অগ্রগতি:** হাজী মুহম্মদ মুহসীন হল, সূর্যসেন হল এবং মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের সংস্কার কাজ এগিয়ে চলেছে।

**হাজী মুহম্মদ মুহসীন হল:** হাজী মুহম্মদ মুহসীন হলের মোট ১৭৫টি কক্ষের মধ্যে ৬২টি কক্ষের মেরামত কাজ সম্পন্ন হয়েছে। তাছাড়া ৩য় তলার কক্ষ, বারান্দার সিলিং, ড্রপ ওয়াল, পেরাপেট ওয়াল, বাথরুম, মসজিদ, ডাইনিং এর ছাদের উপর ফেরোসিমেন্টের কাজ এবং রিডিং রুমের সিলিং এর কাজসহ নিচতলার বারান্দার সিলিং এর কাজ চলমান রয়েছে। হলের মেরামতকৃত অংশে রংকরণের কাজ ২/৩ দিনের মধ্যে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

**সূর্যসেন হল:** সূর্যসেন হলের মোট ১৪১টি কক্ষের মধ্যে ৬ষ্ঠ তলার ১৬টি, ৫ম তলার ৪৯টিসহ ৬৫টি কক্ষ এবং ৬ষ্ঠ ও ৫ম তলার বারান্দা/করিডোর, নিচ তলার ক্যান্টিন ও বাথরুমের মেরামত কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য তলার কাজ চলমান রয়েছে। হলের মেরামতকৃত অংশে রংকরণের কাজ ২/৩ দিনের মধ্যে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

**মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল:** মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ১২১টি কক্ষের মধ্যে দক্ষিণ ব্লকের ৭টি কক্ষের কাজসহ ৫ম ও ৪র্থ তলার বারান্দা, দক্ষিণ ব্লকের নিচ তলার পশ্চিম পার্শ্বের বাথরুম, রিডিং রুমসহ উত্তর ব্লকের ছাদের উপর ফেরোসিমেন্টের ঢালাই এর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া হলের অন্যান্য তলার ভিতর ও বাইরের কাজ চলমান রয়েছে। হলের মেরামতকৃত অংশে রংকরণের কাজ ২/৩ দিনের মধ্যে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

## সময়ের আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়

# গ্রন্থাগারে যুক্ত হলো ২৯টি আন্তর্জাতিক ই-রিসোর্স

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের লাইব্রেরি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের জন্য বহুল ব্যবহৃত ও আন্তর্জাতিক মানসম্পন্ন ২৯টি ই-রিসোর্স সাবস্ক্রাইব করা হয়েছে। গত ২ ডিসেম্বর অনুষ্ঠিত কমিটির সভায় এসব ই-রিসোর্স ক্রয় ও সাবস্ক্রিপশনের সিদ্ধান্ত গৃহীত হয় বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান বৃদ্ধির লক্ষ্যে ই-জার্নাল, ই-বুক, ডাটাবেজ, এনসাইক্লোপেডিয়া, ডিরেক্টরি ও রিসার্চ টুলসসহ মোট ২৯টি আন্তর্জাতিক মানের ই-রিসোর্স সাবস্ক্রাইব করা হয়েছে। এসব রিসোর্সের মধ্যে রয়েছে–American Institute of Physics (AIP), American Society for Civil Engineers (ASCE), American society of Agriculture and Biological Engineers (ASABE), American society of Mechanical Engineers (ASME), Cambridge University Press (CUP), De Gruyter Journal, EBSCO including CMMC, Grove Art Online Include Benezit Dictionary of Artists, HeinOnline Academic Core Collection, Nature Research, Emerald Insight, IEEE Xplore Digital Library, Indian Journals, International Forestry Review, Institute of Physics (IOP), JSTOR, Manupatra for Online Database Access, MAX Planck Encyclopedia of Comparative Constitutional Law, Oxford Journals, Project MUSE, Royal Society for Chemistry (RSC), Scientific American, SciFinder, Southeast Asian archive, Springer, Wiley Online Library I Turnitin iThenticate PG 2.0. এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ব্যবহারকারীদের জন্য রিমোট অ্যাক্সেস সুবিধার্থে EZproxy সেবা চালু রয়েছে। পাশাপাশি Research4Life-Gi AvIZvq HINARI, AGORA, OARE, ARDI I GAOLI প্ল্যাটফর্ম থেকেও গবেষণা উপকরণ ব্যবহার করা যাবে।